# স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুলের ভবিষ্যৎ নিয়ে আলোচনা

**সাধারণ বর্ণনা**

স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুলটিকে বন্ধ করে সেটিকে হোমলেই প্রাইমারি স্কুলের সঙ্গে একত্রিত করে স্যার থমাস অ্যাবনের সমস্ত শিক্ষার্থীদের সেখানে ভর্তি হওয়ার প্রস্তাব দেওয়া হবে কিনা, অথবা একত্রিত না করেই বন্ধ করে দেওয়া হবে কিনা তার প্রস্তাব নিয়ে আমরা আপনার সঙ্গে আলোচনা করছি। দু'টি প্রস্তাবেই স্যার থমাস অ্যাবনেকে 2025 সালের 31শে অগাস্ট তারিখে বন্ধ করে দেওয়া হবে। একত্রিত করার প্রস্তাবের অর্থ হল হোমলেই স্কুলটিও স্থায়ীভাবে স্যার থমাস অ্যাবনের জায়গায় স্থানান্তরিত হবে। উভয় স্কুলের সমস্ত শিক্ষার্থীদের আসন দেওয়ার জন্য আরও বড় জায়গার প্রয়োজন হবে।

আইন অনুযায়ী আমাদের যে প্রক্রিয়ার অনুসরণ করতে হবে তার জন্য আলোচনা করা হল প্রথম পর্যায়। কাউন্সিলের ক্যাবিনেটের চূড়ান্ত সিদ্ধান্ত অনুসারে হয়তো স্যার থমাস অ্যাবনে বন্ধ করে দিয়ে হোমলেইয়ের সঙ্গে একত্রিত করা হবে, এবং তাহলে স্যার থমাস অ্যাবনের শিক্ষার্থীদের আসন দেওয়ার জন্য স্কুলটিকে অন্য জায়গায় স্থানান্তরিত করে আরও বড় করতে হবে। এর বিকল্প হল হয়তো অন্য কোনও স্কুলের সঙ্গে একত্রিত না করেই স্যার থমাস অ্যাবনে বন্ধ করে দেওয়া হবে।

সাম্প্রতিক বছরগুলিতে হ্যাকনি এবং লন্ডনের অনেক এলাকায় প্রাইমারি স্কুলে যাওয়ার মতো শিশুদের সংখ্যা কমে গিয়েছে। এর কারণ হিসাবে মনে করা হচ্ছে জন্ম-হার কমে যাওয়া, পরিবারগুলির জন্য সাশ্রয়ী আবাসন কম থাকা এবং ব্রেক্সিট ও সাম্প্রতিক অতিমারী। শিশুদের সংখ্যা কমে যাওয়ার ফলে স্কুলগুলিতে আসন উদ্‌বৃত্ত হয়েছে এবং কেন্দ্রীয় সরকার থেকে অর্থায়নও কমে গিয়েছে, যার ফলে আমাদের স্কুলগুলি কঠিন সমস্যার সম্মুখীন হয়েছে।

2014 সালে হ্যাকনির প্রাইমারি স্কুলগুলিতে 2846-টি শিশু পড়াশোনা শুরু করেছিল। 2024 সালের মে মাস নাগাদ এই সংখ্যাটি কমে গিয়ে রিসেপশনে 2203-টি শিশুতে এসে দাঁড়িয়েছে – অর্থাৎ সংখ্যাটি 23% কমে গিয়েছে। এর ফলে রিসেপশন 577-টি আসন খালি থেকে গিয়েছে (মে 2024) – এই সংখ্যাটি হল 19-টি খালি ক্লাসের সমতুল।

স্কুলের রোলে থাকা প্রতিটি শিশুর জন্য স্কুলগুলি সরকার থেকে অর্থ পায়। স্কুলে প্রতিটি খালি আসনের জন্য বার্ষিক ব্যয় হল £6,000। হ্যাকনির প্রাইমারি স্কুলগুলিতে খালি আসন বাড়তে থাকার ফলে স্কুলগুলির উপরে আর্থিক চাপ পড়ছে। অর্থায়ন কমে যাওয়ার ফলে অনেক স্কুলই কার্যকরভাবে পরিচালনা করা যাচ্ছে না অথবা পাঠ্যক্রম বহির্ভূত ভ্রমণ, আফটার স্কুল ক্লাব এবং শিশুদের জন্য টুর্নামেন্টের মতো সমৃদ্ধকরণ কার্যক্রম করা যাচ্ছে না। যে স্কুলগুলি টিকে থাকতে পারছে না তাদেরকে কাউন্সিল আর্থিক সহায়তা দিতে পারছে না, ফলে তাদের কঠিন সিদ্ধান্ত নিতে হচ্ছে যাতে আমাদের স্কুলগুলি ভবিষ্যতের জন্য উপযুক্ত থাকে এবং উচ্চ মানের শিক্ষা দিতে পারে, যার জন্য হ্যাকনির সুনাম আছে।

গত শিক্ষাবর্ষে (2023/24) চারটি প্রাইমারি স্কুল বন্ধ করে দেওয়ার মতো কঠিন সিদ্ধান্ত আমাদের নিতে হয়েছিল। 2024 সালের জুলাই মাসে সেগুলি বন্ধ হয়ে গিয়েছিল। এই সিদ্ধান্ত আমাদের নিতে হয়েছিল কারণ সেই স্কুলগুলিকে চালু রাখার মতো শিশুর সংখ্যা ছিল না, ফলে স্কুলগুলি আর আর্থিকভাবে টিকে থাকতে পারছিল না। এই সিদ্ধান্ত নেওয়া কখনই সহজ নয়। কিন্তু, সমস্ত শিশুদের স্বার্থ বিবেচনা করে এবং হ্যাকনিতে একটি সুদৃঢ় শিক্ষা ব্যবস্থা তৈরি করার জন্য আমরা এই সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছিলাম। লন্ডনের অন্যান্য

কাউন্সিলগুলিও একই সমস্যার মুখোমুখি হচ্ছে এবং তারাও স্কুল বন্ধ করে অন্য আরেকটির সঙ্গে একত্রিত করার মতো কঠিন সিদ্ধান্ত নিচ্ছে।

দুর্ভাগ্যবশত, হ্যাকনিতে যদিও আগেও স্কুল বন্ধ করা হয়েছে, তবুও এখনও শিশুদের সংখ্যার তুলনায় উল্লেখযোগ্য বেশি সংখ্যায় আসন স্কুলগুলিতে রয়ে গিয়েছে। হ্যাকনির রিসেপশন ক্লাসগুলিতে যেখানে 2125 সংখ্যক শিশু ভর্তি আছে (17/9/2024), কিন্তু সেখানে মোট 2675 সংখ্যক আসন আছে। এর অর্থ হল এই সেপ্টেম্বর মাসে (2024) 550-টি অতিরিক্ত আসন (21%) রয়ে গিয়েছে, যার ফলে স্কুলগুলির অর্থায়ন পাওয়ার সমস্যা হচ্ছে।

**কেন আমরা আপনার সঙ্গে আলোচনা করছি?**

আমাদের লক্ষ্য হল দৃঢ় একটি স্কুল শিক্ষা ব্যবস্থা তৈরি করা, যেখানে সব শিশুই আরও বেশি এবং সমৃদ্ধ শিক্ষার সুযোগ পায়। এটি শুধুমাত্র তখনই সম্ভব হবে যখন স্কুলগুলি তাদের প্ল্যানড অ্যাডমিশন নাম্বারের (পরিকল্পিত ভর্তির সংখ্যা, PAN) মধ্যে যত বেশি সংখ্যক শিশুকে ভর্তি করতে পারবে এবং তার ফলে তাদের প্রাপ্ত অর্থায়ন সর্বাধিক করতে পারবে। দুঃখের বিষয় হল যে হ্যাকনির কয়েকটি স্কুলে উপস্থিত থাকা শিশুদের সংখ্যা এতোই কম যে তার ফলে তাদের আর্থিক ঘাটতি থাকে, যা কাউন্সিল বজায় রাখতে পারে না।

স্যার থমাস অ্যাবনের ক্ষেত্রেও তাই হয়েছে, এবং এখন আমাদের এই স্কুলটি বন্ধ করে দেওয়ার বিষয়টি বিবেচনা করতে হচ্ছে। আমাদের যদি মনে হত যে আরও ভাল কোনও বিকল্প আছে, তাহলে আমরা এটি বন্ধ করতাম না।

স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুলটির (Fairholt Road, N16 5ED) প্রসঙ্গে প্রস্তাবিত দু'টি বিকল্প সম্বন্ধে আমরা আপনার মতামত জানতে চাই। এইগুলি হল বন্ধ করে হোমলেই প্রাইমারি স্কুলের (Dunsmure Road, N16 5PU) সঙ্গে একত্রিত করা, অথবা না জুড়েই স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুলটিকে বন্ধ করে দেওয়া। এই দু'টি বিকল্পের মধ্যের পার্থক্যগুলি নিচে বর্ণনা করা হয়েছে। এই স্কুলটির ভবিষ্যৎ নিয়ে আপনার ধারণা এবং/অথবা বিকল্পগুলিকে আমরা স্বাগত জানাচ্ছি। এই আলোচনা এবং হোমলেই প্রাইমারি স্কুলের বিস্তারের প্রসঙ্গে প্রাপ্ত মতামতগুলিকে যুক্ত প্রস্তাব হিসাবে বিবেচনা করা হবে।

শিশু, তাদের পিতা-মাতা/পরিচর্যাকারী, কর্মীবৃন্দ এবং স্থানীয় কমিউনিটির কাছে স্কুলটির তাৎপর্য কী তা আরও ভালভাবে বোঝার জন্য আপনার মতামত এবং প্রস্তাব আমাদের সাহায্য করবে।

**স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুল**

2023 সালে স্যার থমাস অ্যাবনে ছিল একটি 'টু ফর্ম এন্ট্রি' স্কুল। কিন্তু শিশুদের সংখ্যা কমে যাওয়ার কারণে 2023 সালে স্কুলটিকে 'ওয়ান ফর্ম এন্ট্রি' স্কুলে নামিয়ে আনা হয়। স্কুলটিতে একটি ভাষার সংস্থান ব্যবস্থা ছিল যেখান 10-টি আসন ছিল। অফস্টেড (2019) এই স্কুলটিকে 'ভাল' বলে বিবেচনা করেছিল, কিন্তু দুর্ভাগ্যের বিষয় হল শিশুদের সংখ্যা কম হওয়ায় স্কুলটির আর্থিক ঘাটতি হয়েছে এবং মধ্য মেয়াদে যা কমার সম্ভাবনা কম। এই পরিস্থিতিতে এটি বেশি দিন চলতে পারবে না।

স্কুলের পরিচালকরা যদি স্কুলটিকে পুনরায় আর্থিকভাবে স্থিতিশীল করার জন্য কোনও পদক্ষেপ গ্রহণ করেন, তাহলে স্কুলটির শিক্ষার মান পড়ে যাবে এবং শিশুদের সর্বোচ্চ প্রয়োজনগুলির উপরে গুরুতর প্রভাব পড়বে।

বর্তমান সংখ্যক শিক্ষার্থীদের তুলনায় স্কুলটির আকার খুব বড়, তবে সেটি বড় একটি ‘টু ফর্ম এন্ট্রি’ স্কুলের জন্য উপযুক্ত হবে।

গত বছরে রিসেপশনে স্কুলটির মোট সম্ভাব্য আসন সংখ্যা 30-টি থাকলেও মাত্র 20 জন শিক্ষার্থী ভর্তি হয়েছিল, 1 নং সারণী 1 দ্রষ্টব্য।

**1 নং সারণী – রিসেপশন রোল নম্বর 2023/25 (মে মাসের শুমারি)**

| PAN (রিসেপশন) | ভর্তি হওয়া শিক্ষার্থীদের সংখ্যা (রিসেপশন) | উদ্‌বৃত্ত আসন সংখ্যা | PAN-এর % উদ্‌বৃত্ত সংখ্যা |
|---|---|---|---|
| 30 | 20 | 10 | 33% |

2024 সালের মে মাসে স্কুলটিতে রিসেপশন থেকে 6ষ্ঠ বর্ষ পর্যন্ত সম্ভাব্য 390-টি আসনে মাত্র 188 জন শিক্ষার্থী ছিল, 2নং সারণীতে এটি দেখানো হয়েছে।

**2 নং সারণী – সমগ্র স্কুলের শিক্ষার্থীর সংখ্যা 2023/24 (মে মাসের শুমারি)**

| প্ল্যানড অ্যাডমিশন নাম্বার (PAN) (সমগ্র স্কুল) | ভর্তি হওয়া শিক্ষার্থীদের সংখ্যা (সমগ্র স্কুল) | উদ্‌বৃত্ত আসন সংখ্যা | PAN-এর % উদ্‌বৃত্ত সংখ্যা |
|---|---|---|---|
| 390 | 188 | 202 | 52% |

17/9/2024 তারিখে রিসেপশন ক্লাসে 28-টি শিশু ভর্তি ছিল।

**বিকল্প 1 স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুলটিকে বন্ধ করে সেটিকে হোমলেই প্রাইমারি স্কুলের সঙ্গে একত্রিত করার প্রস্তাব। হোমলেই ‘ওয়ান’ থেকে ‘টু ফর্ম এন্ট্রিতে পরিবর্ধিত হবে।**

- হোমলেই প্রাইমারি স্কুলের সঙ্গে একত্রিত হওয়ার জন্য স্যার থমাস অ্যাবনে 2025 সালের 31শে অগাস্ট তারিখে বন্ধ হবে।
- স্যার থমাস অ্যাবনের সমস্ত শিশুদের হোমলেই প্রাইমারি স্কুলে 2025 সালের 1লা সেপ্টেম্বর তারিখ থেকে ভর্তি হওয়ার প্রস্তাব দেওয়া শুরু হবে।
- 2025 সালের 1লা সেপ্টেম্বর তারিখে হোমলেই ‘ওয়ান এন্ট্রি ফর্ম’ (প্রতি বছর 30-টি আসন) থেকে একটি ‘টু ফর্ম এন্ট্রিতে’ (প্রতি বছর 60-টি আসন) পরিবর্ধিত হবে।
- হোমলেই প্রাইমারি স্কুলটি পুরানো স্যার থমাস অ্যাবনের জায়গায় স্থায়ীভাবে স্থানান্তরিত হবে।  উভয় স্কুলের সমস্ত শিক্ষার্থীদের আসন দেওয়ার জন্য আরও বড় জায়গার প্রয়োজন হবে।

**হোমলেই প্রাইমারি স্কুল**
2025 সালের 1লা সেপ্টেম্বর তারিখে হোমলেই প্রাইমারি স্কুল 'ওয়ান এন্ট্রি ফর্ম' থেকে পরিবর্ধিত হয়ে 'টু এন্ট্রি ফর্ম' হওয়ার প্রসঙ্গে একটি পৃথক সংযুক্ত সংবিধিবদ্ধ প্রস্তাব আছে। আপনি bit.ly/school-proposal-consultation-এ গিয়ে এই প্রস্তাবটির বিষয়ে পড়তে পারেন।

**কেন আমরা এই বিকল্পটির প্রস্তাব করছি?**
দু'টি স্কুলকে একত্রিত করলে অনেকগুলি সুবিধা পাওয়া যাবে। এর ফলে স্যার অ্যাবনের বৃহৎ আর্থিক ঘাটতিকে কাউন্সিল সরিয়ে ফেলতে পারবে। হোমলেই প্রাইমারি স্কুলটি পরিবর্ধিত হলে আরও বেশি সংখ্যক শিশুরা এখানে ভর্তি হতে পারবে, ফলে স্কুলটি আরও বেশি অর্থায়ন পাবে। এর ফলে আরও বেশি সংখ্যক শিক্ষক/শিক্ষিকা, শিক্ষার সামগ্রী এবং স্কুল ট্রিপ, প্রাতরাশ ও আফটার স্কুল ক্লাবের মতো পাঠ্যক্রম বহির্ভূত ক্রিয়াকলাপের জন্য অতিরিক্ত সহায়তা পাওয়া যাবে। স্থানীয় এলাকায় স্কুলটি থাকার ফলে সেখানে যদি কিছু কিছু পরিবর্তন করাও হয়, তাহলেও শিশুরা পরিচিত পরিবেশে শিক্ষালাভ করতে পারবে।

হোমলেই এবং স্যার থমাস অ্যাবনে স্কুল দু'টি খুবই কাছাকাছি অবস্থিত, একটির থেকে আরেকটির দূরত্ব 650 মিটারেরও কম। সুতরাং, হোমলেইয়ের শিশুরা সহজেই নতুন স্কুলে যেতে পারবে। অফস্টেড হোমলেইকে 'ভাল' বলে বিচার করেছে এবং একটি 'টু ফর্ম এন্ট্রি' স্কুল হওয়ার ফলে আর্থিকভাবেও স্কুলটি উপকৃত হবে। শিক্ষার কার্যক্রম অব্যাহত রাখার জন্য এই বিকল্পটি স্যার থমাস অ্যাবনের জায়গাটিকে ভালভাবে ব্যবহার করতে পারবে।

**শিশুদের জন্য এর তাৎপর্য কী হবে?**
স্যার অ্যাবনেতে যে সমস্ত শিক্ষার্থী শিশুরা আছে তার নিশ্চিতভাবে আসন পাবে। তারা বর্তমানে হোমলেই স্কুলের শিক্ষার্থীদের সঙ্গে যোগ দেবে। একটি 'টু ফর্ম এন্ট্রি' স্কুল হিসাবে হোমলেই প্রাইমারি স্কুলটি প্রতি বর্ষের গ্রুপের জন্য দু'টি ক্লাসের ব্যবস্থা করতে পারবে। যদি পিতা-মাতা/পরিচর্যাকারীরা চান তাহলে বিকল্প অন্য কোনও স্কুলে ভর্তি করার জন্য আমরা সহায়তা করব।

কাউন্সিল পরিকল্পনা করেছে যে তারা স্কুলের পরিচালকদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে যাতে প্রত্যেকটি শিশুর অনুভূতিগুলি যথাযথভাবে বিবেচনা করা নিশ্চিত হয়। এতে শিশুদের জন্য স্কুল পরিবর্তন করা যতদূর সম্ভব মসৃণ ও ইতিবাচক হবে, নতুন বন্ধু পাওয়ার সুযোগ থাকবে এবং বিভিন্ন ক্রিয়াকলাপের প্রতি নজর দেওয়া যাবে। আমাদের লক্ষ্য হল একটি সুদৃঢ় ও প্রাণবন্ত স্কুল তৈরি করা, যেখানে সব শিশুই মনে করবে যে তাদের সহায়তা করা হচ্ছে এবং তারা স্বাগত বোধ করবে।

**যে সমস্ত শিশুদের স্পেশাল এডুকেশনাল নিডস অ্যান্ড ডিসেবিলিটি (শিক্ষাগত বিশেষ প্রয়োজন এবং প্রতিবন্ধীত্ব, SEND) আছে তাদের ক্ষেত্রে এর তাৎপর্য কী হবে?**
আমরা স্কুল ও পরিবারগুলির সঙ্গে কাজ করে নিশ্চিত করব, যে শিশুদের SEND আছে, এডুকেশন, হেলথ অ্যান্ড কেয়ার প্ল্যানস (স্বাস্থ্য ও পরিচর্যার পরিকল্পনা, EHCPs) আছে অথবা নেই এবং যারা ভাষা সংস্থানের সুবিধায় (নিচে আরও বিশদে দেওয়া হয়েছে) যোগ দিয়েছে তারা যাতে উচ্চ মানের ও উপযুক্ত সুবিধা পায় যেগুলি তাদের প্রয়োজনগুলি পূরণ করবে। EHCP-এর যে আবেদনগুলি প্রক্রিয়ার মধ্যে আছে, প্ল্যান কোঅর্ডিনেটরদের সহায়তায় সেগুলিকে মূল্যায়ন করা হতে থাকবে।

EHCP আছে এমন শিশুদের পরিবারগুলিকে এবং যে শিশুরা স্পেশালিস্ট সহায়তা পায় তাদের পরিবারগুলিকে কাউন্সিলের স্পেশাল এডুকেশনাল নিডস সার্ভিস এই পরিবর্তনে সরাসরি সহায়তা করবে।

সুবিধার অথবা স্থিতির পরিবর্তন বিবেচনা করার সময় যে শিক্ষার্থীরা স্পেশাল এডুকেশনাল নিডস এবং ডিসেবিলিটির জন্য সহায়তা পাচ্ছে কিন্তু যাদের কোনও EHCP নেই, তাদের পরিবারগুলিকে পরামর্শ ও নির্দেশনা দেওয়া হবে। স্কুলগুলিকে সহায়তা করার জন্য লোকাল অথরিটির বিশেষজ্ঞ কর্মীদের পাওয়া যাবে।

**শিশুদের জন্য ভাষার সংস্থানের সুবিধার তাৎপর্য কী?**
স্যার থমাস অ্যাবনেতে একটি ভাষার সংস্থানের সুবিধা আছে। যে সমস্ত শিক্ষার্থীদের ভাষার বিকাশগত সমস্যা (ডেভালাপমেন্টাল ল্যাঙ্গোয়েজ ডিসর্ডার) আছে অথবা খুব বেশি স্পিচ ডিসর্ডার আছে, এই সংস্থান থেকে সেই সমস্ত শিক্ষার্থীদের অতিরিক্ত সহায়তা করা হয়। স্যার থমাস অ্যাবনে যদি বন্ধ হয়ে যায়, তাহলে এর ভাষা সংস্থানের সুবিধাটিও বন্ধ হয়ে যাবে। স্যার থমাস অ্যাবনে এবং হোমলেইয়ের একত্রিত হওয়ার প্রস্তাবটির যদি অগ্রগতি হয়, তাহলে ভাষার সংস্থানের সুবিধাটিকে হোমলেইতে স্থানান্তর করার জন্য পৃথক একটি আলোচনা করা হবে, যাতে বর্তমানে যে শিশুরা এই সুবিধাটি পাচ্ছে তারা হোমলেইতে যেতে পারবে।

**আমার সন্তানের আরও বড় একটি স্কুলে যাওয়ার তাৎপর্য কী হবে?**
আমরা জানি যে একটি ভিন্ন এবং বড় স্কুল যাওয়া কঠিন হতে পারে, বিশেষত যে শিশুরা একটি ছোট পরিবেশের সঙ্গে পরিচিত থাকে। যদিও নতুন স্কুলটিকে আপনার সন্তানের(দের) অন্য রকমের মনে হতে পারে, তবে আমরা নিশ্চিত করব যাতে তারা উপযুক্ত সহায়তা পেয়ে দ্রুত স্থিতিশীল হতে পারে। যে বিকল্পগুলি বিবেচনা করা হচ্ছে সে সম্পর্কে শিশুদের বক্তব্য আমরা শুনতে চাই। তাই তাদের চিন্তা ও অনুভূতিগুলি জানার জন্য আমরা স্কুলের কাছে সহায়তার জন্য অনুরোধ করব।

**দু'টি স্কুলকে একত্রিত করার ক্ষেত্রে ভর্তি হওয়ার প্রক্রিয়া কাজ করবে কীভাবে?**
2025 সালের 1লা সেপ্টেম্বর তারিখে স্যার থমাস অ্যাবনের শিক্ষার্থীদের স্বয়ংক্রিয়ভাবে হোমলেইতে স্থানান্তর করা হবে। একজন নিবেদিত অ্যাডমিশন অফিসার আপনার সমস্যা ও উদ্বেগগুলি বিবেচনা করে আপনাকে তথ্য দেবেন এবং সহায়তা করবেন। আপনি যদি অন্য কোনও স্কুলে আবেদন করতে চান তাহলেও তিনি সহায়তা করবেন।

যদি কাউন্সিল সিদ্ধান্ত গ্রহণ করে যে 2025 সালের এপ্রিল মাসে আপনার সন্তানের বর্তমান স্কুলটি বন্ধ/একত্রিত করা হবে, এবং আপনার সন্তান যদি EHCP-এর আওতায় থাকে, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার সঙ্গে যোগাযোগ করা হবে যাতে হোমলেইতে যাওয়া অথবা আপনার পছন্দের অন্য কোনও স্কুলে ভর্তি হওয়ার জন্য আলোচনা শুরু করা যায়। বন্ধের কাজ সম্পন্ন করার সময়সীমা নিচের 'টাইমলাইন' নামক সারণীতে দেওয়া হয়েছে।

**কর্মীবৃন্দ ও হেডটিচারের জন্য এর তাৎপর্য কী হবে?**
স্যার থমাস অ্যাবনে বন্ধ হওয়ার প্রভাব এক্সিকিউটিভ হেডটিচার সহ সমস্ত কর্মীদের উপরে পড়বে। নতুন ভূমিকাতে আবেদন করার জন্য কাউন্সিল সমস্ত কর্মীকে আত্মবিশ্বাস বজায় রাখার জন্য সহায়তা করবে। যে কর্মীরা অপ্রয়োজনীয় হয়ে যাবেন তাদেরকে কাউন্সিলের মধ্যে প্রাপ্ত নতুন কাজে পুনরায় নিয়োগ করার সুযোগ থাকতে পারে। এই পরিবর্তনের সময় যে সমস্ত কর্মীদের অপ্রয়োজনীয় হয়ে যাওয়ার আশঙ্কা থাকবে তাদের পূর্ণ সহায়তা দেওয়া নিশ্চিত করা আমাদের অগ্রাধিকার হবে, ঠিক যেমন আমরা আমাদের শিশুদের ও

পরিবারগুলিকে সহায়তা করব। এই সহায়তার মধ্যে থাকবে সহায়তার কার্যক্রম, পরামর্শ ও প্রশিক্ষণ, এমপ্লয়ী অ্যাসিস্টান্স প্রোগ্রামের (কর্মী সহায়তার কার্যক্রম) সুযোগ, গোপনীয় পরামর্শ এবং কাউন্সেলিং।

**স্কুলের ভবনের(গুলির) কোনও পরিবর্তন করা হবে কি?**
এই বিকল্পটিতে হোমলেই স্কুলের বর্তমান ভবন ও স্থানটি খালি হয়ে যাবে। এই স্থানটির জন্য কাউন্সিল বিকল্প কিছু বিবেচনা করবে।

দু'টি স্কুলের শিক্ষার্থীদের একত্রিত করে স্থান দেওয়ার জন্য স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুলের জায়গাটি যথেষ্ট বড়। হোমলেই স্কুলের সঙ্গে একত্রিত করার কাজটির যদি অগ্রগতি হয়, তাহলে কাউন্সিল স্যার থমাস অ্যাবনের জায়গাটিকে মূল্যায়ন করে দেখবে যে পরিবর্ধিত স্কুলটির জন্য সেখানে কোনও পরিবর্তন করতে হবে কিনা।

**বিকল্প 2. অন্য কোনও স্কুলের সঙ্গে একত্রিত না করে স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুল বন্ধ করা**

- শিক্ষার্থীর সংখ্যা কম থাকায় এবং বিশাল আর্থিক ঘাটতি থাকার কারণে 2025 সালের অগাস্ট মাসের শেষে স্যার থমাস অ্যাবনে বন্ধ হয়ে যাবে। স্কুলটির আর্থিক ঘাটতি থাকার অর্থ হল কাউন্সিল আর প্রয়োজনীয় অর্থ দিতে পারবে না, ফলে শিশুদের জন্য উচ্চ মানের শিক্ষাও দেওয়া যাবে না।
- পিতা-মাতাদের পছন্দ এবং আসন খালি থাকা সাপেক্ষে শিশুদের হ্যাকনি অথবা অন্য কোনও স্থানের স্কুলে ভর্তি করার প্রস্তাব দেওয়া হবে।

**স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুলটি বন্ধ করে দেওয়ার বিকল্পটির প্রস্তাব আমরা কেন করছি?**
যদিও স্যার থমাস অ্যাবনেকে অফস্টেড একটি 'ভাল' স্কুল বলে বিচার করেছে, তবুও সাম্প্রতিক বছরগুলিতে এই স্কুলটিতে শিক্ষার্থীদের সংখ্যা কমে যাচ্ছে। 2021 সালের অক্টোবর মাস থেকে 2023 সালের অক্টোবর মাস পর্যন্ত শুমারি থেকে দেখা গিয়েছে যে শিক্ষার্থীদের সংখ্যা 27% কমে গিয়েছে। স্কুলটি একটি মস্ত বড় জায়গা জুড়ে আছে। এর ভবনগুলি 'থ্রি ফর্মস অফ এন্ট্রি' পর্যন্ত শিক্ষার্থীদের উপযুক্ত হলেও মাত্র 'ওয়ান ফর্ম অফ এন্ট্রি' ভর্তি করা গিয়েছে। এতো বড় জায়গার রক্ষণাবেক্ষণের ব্যয়ও বেশি, যার জন্য স্কুলটির আর্থিক ব্যালেন্সে বিশাল ঘাটতি হয়েছে।

একটি স্কুল পরিচালনার জন্য প্রচুর অর্থের প্রয়োজন হয় – শিক্ষক/শিক্ষিকাদের বেতন, ভবনগুলির রক্ষণাবেক্ষণ এবং শিক্ষার্থীদের সেরা মানের শিক্ষালাভ নিশ্চিত করার জন্য প্রচুর ব্যয় করতে হয়। শিক্ষার্থীদের সংখ্যা যথেষ্ট না হলে তাদের শিক্ষার মান ভাল রাখা চ্যালেঞ্জিং হয়ে ওঠে এবং তার পাশাপাশি স্কুলের ঋণের পরিমাণ বেড়ে যাওয়ার ঝুঁকি থাকে।

স্কুলটির আর্থিক স্থিতি এবং ভবিষ্যতে এটির চালু থাকার পরিকল্পনাগুলি পর্যালোচনা করে কাউন্সিল মনে করেছে যে শিক্ষার্থীদের শিক্ষার গুণমানকে ঝুঁকিতে না ফেলে এবং সেরা পর্যায়ের শিক্ষার উপরে নেতিবাচক প্রভাব না ফেলে স্কুলটি চালু রাখা যাবে না। এই কারণগুলির জন্যই আমরা স্কুলটিকে বন্ধ করে দেওয়ার জন্য প্রস্তাব করছি।

**শিশুদের জন্য এর তাৎপর্য কী হবে?**
বর্তমানে স্যার থমাস অ্যাবনের সমস্ত শিক্ষার্থী শিশুদের শিক্ষা অব্যাহত রাখার জন্য হ্যাকনিতে অন্য কোনও স্কুলে তাদের ভর্তি করার নিশ্চয়তা থাকছে। যে স্কুলে পর্যাপ্ত সংখ্যার শিক্ষার্থী ভর্তি হবে, সেখানে শিক্ষার্থীরা বিস্তৃত পরিসরের সংস্থান ও সুযোগ পাবে, যদিও এর অর্থ হবে স্থানীয় এলাকার অন্য আরেকটি স্কুলে তাদের ভর্তি হতে হবে। এই বিকল্পটিতে আমরা এমন কোনও নিশ্চয়তা দিতে পারছি না যে স্যার থমাস অ্যাবনের শিক্ষার্থীরা তাদের সহপাঠীদের সঙ্গেই অন্য আরেকটি স্কুলে ভর্তি হবে, কারণ হ্যাকনির অন্যান্য স্কুলগুলিতে আসন সংখ্যা থাকার উপরে এটি নির্ভর করবে। যদি পিতা-মাতা/পরিচর্যাকারীরা চান, তাহলে আপনাদের প্রয়োজনগুলি পূরণের জন্য আমরা হ্যাকনির বাইরেও উপযুক্ত কোনও স্কুল অনুসন্ধান করব।

আমরা জানি স্কুল যে বন্ধ হচ্ছে এটি বোঝা এবং মেনে নেওয়া কোনও কোনও শিশুর পক্ষে কঠিন হতে পারে। তাই নতুন স্কুলে যাওয়ার সময়ে তাদের সবচেয়ে ভালভাবে সহায়তা করার উপায় নির্ধারণ করার জন্য আমরা পিতা-মাতা/পরিচর্যাকারী এবং স্কুলের কর্মীদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করব। বিবেচনায় থাকা বিকল্পগুলির বিষয়ে শিশুদের মতামত জানতে আমরা আগ্রহী। তাই আমরা স্কুলগুলিকে অনুরোধ করব যাতে তারা শিশুদের চিন্তা-ভাবনা এবং মতামত সংগ্রহ করেন।

**যে সমস্ত শিশুদের স্পেশাল এডুকেশনাল নিডস অ্যান্ড ডিসেবিলিটি (শিক্ষাগত বিশেষ প্রয়োজন এবং প্রতিবন্ধীত্ব, SEND) আছে তাদের ক্ষেত্রে এর তাৎপর্য কী হবে?**
আমরা স্কুল ও পরিবারগুলির সঙ্গে কাজ করে নিশ্চিত করব, যে শিশুদের SEND আছে, এডুকেশন, হেলথ অ্যান্ড কেয়ার প্ল্যানস (স্বাস্থ্য ও পরিচর্যার পরিকল্পনা, EHCPs) আছে অথবা নেই এবং যারা ভাষা সংস্থানের সুবিধায় (নিচে আরও বিশদে দেওয়া হয়েছে) যোগ দিয়েছে তারা যাতে উচ্চ মানের ও উপযুক্ত সুবিধা পায় যেগুলি তাদের প্রয়োজনগুলি পূরণ করবে। EHCP-এর যে আবেদনগুলি প্রক্রিয়ার মধ্যে আছে, প্ল্যান কোঅর্ডিনেটরদের সহায়তায় সেগুলিকে মূল্যায়ন করা হতে থাকবে।

EHCP আছে এমন শিশুদের পরিবারগুলিকে এবং যে শিশুরা স্পেশালিস্ট সহায়তা পায় তাদের পরিবারগুলিকে কাউন্সিলের স্পেশাল এডুকেশনাল নিডস সার্ভিস এই পরিবর্তনে সরাসরি সহায়তা করবে।

সুবিধার অথবা স্থিতির পরিবর্তন বিবেচনা করার সময় যে শিক্ষার্থীরা স্পেশাল এডুকেশনাল নিডস এবং ডিসেবিলিটির জন্য সহায়তা পাচ্ছে কিন্তু যাদের কোনও EHCP নেই, তাদের পরিবারগুলিকে পরামর্শ ও নির্দেশনা দেওয়া হবে। স্কুলগুলিকে সহায়তা করার জন্য লোকাল অথরিটির বিশেষজ্ঞ কর্মীদের পাওয়া যাবে।

**শিশুদের জন্য ভাষার সংস্থানের সুবিধার তাৎপর্য কী?**
স্যার থমাস অ্যাবনেতে একটি ভাষার সংস্থানের সুবিধা আছে। যে সমস্ত শিক্ষার্থীদের ভাষার বিকাশগত সমস্যা (ডেভোলাপমেন্টাল ল্যাঙ্গোয়েজ ডিসর্ডার) আছে অথবা খুব বেশি স্পিচ ডিসর্ডার আছে, এই সংস্থান থেকে সেই সমস্ত শিক্ষার্থীদের অতিরিক্ত সহায়তা করা হয়। স্যার থমাস অ্যাবনে যদি বন্ধ হয়ে যায়, তাহলে এর ভাষা সংস্থানের সুবিধাটিও বন্ধ হয়ে যাবে। স্যার থমাস অ্যাবনে বন্ধ করার প্রস্তাবটির যদি অগ্রগতি হয়, তাহলে ভাষা সংস্থানের সুবিধার বিষয়টি নিয়ে পৃথকভাবে আরেকটি আলোচনা করা হবে।

আমাদের লক্ষ্য থাকবে ভাষা সংস্থানের সুবিধাটিকে স্থানীয় অন্য আরেকটি স্কুলে স্থানান্তরিত করা, এবং যে শিক্ষার্থীরা বর্তমানে এই সুবিধাটি নিচ্ছে তারা নতুন যে স্কুলে এই সুবিধাটি থাকবে সেই স্কুলে যেতে পারবে। শিশুদের প্রত্যেকের স্বতন্ত্র EHCP-গুলির পর্যালোচনা করার, একটি পর্যায়ক্রমিক প্রক্রিয়ায় বিঘ্ন কম করা এবং পরিবর্তন নিশ্চিত করার অংশ হিসাবে শিশুদের অন্য স্কুলে স্থানান্তর করা হবে।

**ভিন্ন আরেকটি এবং সম্ভবত বড় স্কুলে ভর্তি হওয়ার তাৎপর্য আমার সন্তানের ক্ষেত্রে কী হতে পারে?**

আমরা জানি যে স্যার থমাস অ্যাবনের কোনও কোনও শিশুদের ক্ষেত্রে অন্য আরেকটি সম্ভাব্য বড় স্কুলে স্থানান্তরিত হওয়া কঠিন হতে পারে। যদিও নতুন স্কুলটিকে আপনার সন্তানের(দের) অন্য রকমের মনে হতে পারে, তবে আমরা নিশ্চিত করব যাতে তারা উপযুক্ত সহায়তা পেয়ে দ্রুত স্থিতিশীল হতে পারে। যে বিকল্পগুলি বিবেচনা করা হচ্ছে সে সম্পর্কে শিশুদের বক্তব্য আমরা শুনতে চাই। তাই তাদের চিন্তা ও অনুভূতিগুলি জানার জন্য আমরা স্কুলের কাছে সহায়তার জন্য অনুরোধ করব।

**বন্ধ হওয়ার প্রক্রিয়া এবং নতুন স্কুলে ভর্তি হওয়া কীভাবে হবে?**

বিকল্প স্কুলগুলিতে আবেদন করার জন্য একজন নিবেদিত অফিসার আপনাকে তথ্য ও সহায়তা দেবেন। আপনার কোনও সমস্যা এবং উদ্বেগ থাকলে তিনি সেগুলিও বিবেচনা করবেন। আপনার অধিকার থাকবে অন্য কোনও স্কুলে আবেদন করার এবং যে কোনও সময়ে আপনার সন্তানকে স্থানান্তরিত করার।

যদি কাউন্সিল সিদ্ধান্ত গ্রহণ করে যে 2025 সালের এপ্রিল মাসে আপনার সন্তানের বর্তমান স্কুলটিকে বন্ধ/একত্রিত করা হবে এবং আপনার সন্তানদের যদি এডুকেশন, হেলথ অ্যান্ড কেয়ার প্ল্যান (EHCP) থাকে, তাহলে আপনার পছন্দের বিকল্প কোনও স্কুল নিয়ে আলোচনা করার জন্য যত শীঘ্র সম্ভব আপনার সঙ্গে যোগাযোগ করা হবে। বন্ধের কাজ সম্পন্ন করার সময়সীমা নিচের 'টাইমলাইন' নামক সারণীতে দেওয়া হয়েছে।

**কর্মীবৃন্দ ও হেডটিচারের জন্য এর তাৎপর্য কী হবে?**

স্যার থমাস অ্যাবনে বন্ধ হওয়ার প্রভাব এক্সিকিউটিভ হেডটিচার সহ সমস্ত কর্মীদের উপরে পড়বে। নতুন ভূমিকাতে আবেদন করার জন্য কাউন্সিল সমস্ত কর্মীকে আত্মবিশ্বাস বজায় রাখার জন্য সহায়তা করবে। যে কর্মীরা অপ্রয়োজনীয় হয়ে যাবেন তাদেরকে কাউন্সিলের মধ্যে প্রাপ্ত নতুন কাজে পুনরায় নিয়োগ করার সুযোগ থাকতে পারে। এই পরিবর্তনের সময় যে সমস্ত কর্মীদের অপ্রয়োজনীয় হয়ে যাওয়ার আশঙ্কা থাকবে তাদের পূর্ণ সহায়তা দেওয়া নিশ্চিত করা আমাদের অগ্রাধিকার হবে, ঠিক যেমন আমরা আমাদের শিশুদের ও পরিবারগুলিকে সহায়তা করব। এইগুলির মধ্যে থাকবে সহায়তার কার্যক্রম, পরামর্শ ও প্রশিক্ষণ, কাউন্সিলের এমপ্লয়ী অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের সহায়তা পাওয়া এবং গোপনীয় পরামর্শ ও কাউন্সেলিং

**স্কুলের ভবনটির কোনও পরিবর্তন হবে কি?**

এই প্রস্তাবটির ফলে স্যার থমাস অ্যাবনে স্কুল ভবন ও স্থানটি খালি হয়ে যাবে। এই স্থানটি ব্যবহার করার জন্য কাউন্সিল অন্যান্য বিকল্পগুলি বিবেচনা করবে।

**এরপরে কী হবে?**

এই নিবন্ধটি হল ছয় সপ্তাহ ব্যাপী জনসাধারণের সঙ্গে আলোচনার অংশ। এতে স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুলটির জন্য দু'টি বিকল্প নির্ধারিত হয়েছে। হোমলেই প্রাইমারি স্কুলের

পরিবর্ধনের বিষয়টি সংযুক্ত থাকা একটি প্রস্তাব হিসাবে পৃথকভাবে আলোচিত হয়েছে। 2024 সালের 8ই অক্টোবর তারিখে আলোচনাটি শুরু হয়েছে এবং এটি শেষ হবে 2024 সালের 19শে সেপ্টেম্বর তারিখের 5pm-এর সময়।

এই আলোচনায় আপনি বিভিন্ন উপায়ে প্রতিক্রিয়া জানাতে পারেন। এই উপায়গুলি এই নিবন্ধের শেষে উল্লেখ করা হয়েছে।

আইনের কারণে প্রস্তাবগুলি প্রকাশ করার প্রয়োজন হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার আগে এই আলোচনাটি চলার সময়ে প্রাপ্ত সমস্ত মতামত কাউন্সিল বিবেচনা করবে। প্রস্তাবগুলি যদি প্রকাশ করা হয়, তাহলে মন্তব্য করার জন্য আরও সময় দেওয়া হবে, যাকে ‘রিপ্রেজেন্টেশন পিরিয়ড (পুনরায় উপস্থাপনার সময়কাল) বলা হবে। এর জন্য 28 দিন সময় থাকবে। পরে অন্য কোনও সময়ে হ্যাকনির কাউন্সিল একটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। নিচের সারণীতে এই প্রস্তাবের সময়কাল দেখানো হয়েছে (তারিখগুলি পরিবর্তন সাপেক্ষে)।

**সময়রেখা**

| তারিখ | ঘটনা |
|---|---|
| **8 অক্টোবর - 19 নভেম্বর 2024** | অনানুষ্ঠানিক আলোচনা<br><br>পিতা-মাতা/পরিচর্যাকারীদের মিটিংগুলির তারিখ এবং অতিরিক্ত যোগাযোগের সুযোগগুলির তারিখ স্যার থমাস অ্যাবনে স্কুল পৃথকভাবে নিশ্চিত করবে।<br><br>শিশু, তাদের পিতা-মাতা/পরিচর্যাকারী, কর্মীবৃন্দ এবং স্থানীয় কমিউনিটির কাছে স্কুলটির তাৎপর্য কী তা আরও ভালভাবে বোঝার জন্য আপনার মতামত এবং প্রস্তাব আমাদের সাহায্য করবে। |
| **জানুয়ারি 2025** | অনানুষ্ঠানিক আলোচনার ফলাফলগুলি হ্যাকনি কাউন্সিল বিবেচনা করছে। স্যার থমাস অ্যাবনে বন্ধ করা, অথবা হোমলেই এবং স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুলগুলিকে একত্রিত করার জন্য কোনও সংবিধিবদ্ধ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে কিনা, সেই বিষয়ে একটি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। |
| **ফেব্রুয়ারি - মার্চ 2025** | একটি 4-সপ্তাহের রিপ্রেজেন্টেশন পিরিয়ডের জন্য একটি সংবিধিবদ্ধ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। |
| **এপ্রিল 2025** | রিপ্রেজেন্টেশন পিরিয়ডের ফলাফল এবং যেকোনো আপত্তি কাউন্সিল বিবেচনা করছে, এবং বন্ধ করা অথবা একত্রিত করার প্রস্তাব প্রসঙ্গে একটি চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। |
| **সামার টার্ম 2025** | প্রস্তাবগুলি যদি অনুমোদিত হয়, তাহলে স্কুল বন্ধ/একত্রিত করার ব্যবস্থা করা হবে (ক্যাবিনেটের সিদ্ধান্ত সাপেক্ষে)। |

| তারিখ | ঘটনা |
|---|---|
| **31 আগস্ট 2025** | স্যার থমাস অ্যাবনে প্রাইমারি স্কুল আনুষ্ঠানিকভাবে বন্ধ করা হচ্ছে। |
| **01 সেপ্টেম্বর 2025** | একত্রিত করার কাজে যদি অগ্রগতি হয়, তাহলে হোমলেই প্রাইমারি স্কুলটি 'ওয়ান ফর্ম অফ এন্ট্রি' থেকে পরিবর্ধিত হয়ে 'টু ফর্ম অফ এন্ট্রি' হবে, এবং সাবেক স্যার থমাস অ্যাবনের জমিতে স্থানান্তরিত হবে। |

**আমি আরও তথ্য কীভাবে পেতে পারি?**
এই বিকল্পগুলির বিষয়ে জানার জন্য আপনি হ্যাকনি এডুকেশনের ওয়েবসাইট bit.ly/school-proposals দেখতে পারেন

**এই আলোচনায় আমি কীভাবে মতামত জানাতে পারি?**
এই প্রস্তাবের প্রসঙ্গে আপনি নিচে উল্লেখ করা উপায়ে আপনার মতামত জানাতে পারেন:

- এই আলোচনার নথির সঙ্গে সংযুক্ত থাকা রেসপন্স ফর্মটি পূরণ করতে পারেন, অথবা
- অনলাইনে bit.ly/school-proposal-consultation লিঙ্কটিতে ক্লিক করতে পারেন,
- অথবা consultation.hackney.gov.uk ওয়েবসাইটে যেতে পারেন।

আপনি যদি কাগজে মুদ্রিত রেসপন্স ফর্ম পূরণ করেন, তাহলে অনুগ্রহ করে ফর্মটিকে স্যার থমাস অ্যাবনে অথবা হোমলেই প্রাইমারি স্কুলের অফিসে জমা দিন, অথবা ডাক মারফত এখানে পাঠান:

হ্যাকনি কাউন্সিল
এডুকেশন সার্ভিসেস
স্কুল প্লেস প্ল্যানিং
Hackney Service Centre, 3rd Floor
1 Hillman Street
London, E8 1DY

মতামত ও পরামর্শ জানানোর শেষ তারিখ হল 2024 সালের 19শে নভেম্বর, বেলা 5pm।

এই প্রস্তাব সম্পর্কে আপনার যদি কোনও জিজ্ঞাস্য থাকে তাহলে অনুগ্রহ করে এখানে ইমেইল করুন school.sufficiency@hackney.gov.uk

এই নথিটি যদি আপনার অন্য কোনও ফর্মাটে (বিন্যাসে) প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন, আমরা পরবর্তী পাঁচটি কাজের দিনের মধ্যে আপনার সঙ্গে যোগাযোগ করব।

অ্যাক্সেসিবিলিটির বিবৃতি: আপনার যদি এই নথিটি একটি ভিন্ন বিন্যাসে প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে ইমেইল করুন এই ঠিকানায় - **school.sufficiency@hackney.gov.uk**

আমরা আপনার অনুরোধ বিবেচনা করে দেখব এবং আগামী পাঁচটি কর্মদিবসের মধ্যে আমরা আপনার সঙ্গে যোগাযোগ করব।

**If you would like to find out what this document says please tick the appropriate box, put your name, address and phone number at the bottom of this page and return it to the address below.**

- ☐ এই দলিলে কি লেখা আছে সে সম্পর্কে যদি আপনি জানতে চান তাহলে অনুগ্রহ করে উপযুক্ত বাক্সে টিক্ দিন, এই পাতার নীচে আপনার নাম, ঠিকানা ও ফোন নম্বর লিখুন এবং এটি নীচের ঠিকানায় ফেরত পাঠান। (Bengali)
- ☐ 如果你想知道這分文件的詳細內容，請在方框內打鉤，在本頁下面寫下你的名字、地址和電話號碼並寄到下面的地址。(Chinese)
- ☐ Si vous désirez connaître le contenu de ce document, veuillez cocher la case appropriée et indiquer votre nom, adresse et numéro de téléphone au bas de cette page et la renvoyer à l'adresse indiquée ci-dessous. (French)
- ☐ Ger hun dixwazin bizanibin ku ev dokument çi dibêje, ji kerema xwe qutîka minasib işaret bikin, nav, navnîşan û hejmara telefona xwe li jêrê rûpel binivîsin û wê ji navnîşana jêrîn re bişînin. (Kurdish)
- ☐ Jeśli chcesz dowiedzieć się, jaka jest treść tego dokumentu, zaznacz odpowiednie pole, wpisz swoje nazwisko, adres I nr telefonu w dolnej części niniejszej strony I przeslij na poniższy adres. (Polish)
- ☐ Haddii aad jeclaan lahayd in aad ogaato waxa dokumeentigani sheegayo fadlan calaamadi godka ku haboon, ku qor magacaaga, cinwaanka iyo telefoon lambarkaaga boggan dhankiisa hoose ka dibna ku celi cinwaanka hoose. (Somali)
- ☐ Si desea saber de lo que trata este documento, marque la casilla correspondiente, escriba su nombre, dirección y numero de teléfono al final de esta página y envíela a la siguiente dirección. (Spanish)
- ☐ Bu dökümanda ne anlatıldığını öğrenmek istiyorsanız, lütfen uygun kutuyu işaretleyerek, adınızı, adresinizi ve telefon numaranızı bu sayfanın alt kısmına yazıp, aşağıdaki adrese gönderin. (Turkish)
- ☐ اگر آپ یہ جاننا چاھتے ھیں کہ دستاویز میں کیا لکھاھےتو ازراہ کرم مناسب باکس میں صحیح کا نشان لگائیےاوراپنا نام، پتہ اور فون نمبر اس صفحہ کے نیچےلکھئےاوراسے نیچے دیئے گئے پتہ پر واپس بھیج دیجئے – (Urdu)
- ☐ Nếu bạn muốn biết tài liệu này nói gì hãy đánh dấu vào hộp thích hợp, điền tên, địa chỉ và số điện thoại của bạn vào cuối trang này và gửi lại theo địa chỉ dưới đây. (Vietnamese)
- ☐ אויב ווילט איר וויסן וואָס דער דאָקומענט זאגט, ביטע טיק די פאסיגע קעסטל, שרייב דיין נאָמען, אַדרעס און טעלעפאָן נומער און שיק עס צוריק צו די אַדרעס אונטן. (Yiddish)

If you would like this document in any of the following formats or in another language not listed above, please complete and send the form to the address below. ☐ **In large print** ☐ **In Braille** ☐ **On disk** ☐ **On audio tape**

☐ **In another language, please state:** ______________________________

Name: ______________________________

Address: ______________________________

Telephone: ______________________________

Return to: **Freepost, LBH Consultation Team, Hackney Town Hall, Mare Street, London, E8 1EA**